



11107 - অসুস্থ ব্যক্তির জন্য কি রমযানরে রোযা না-রাখা উত্তম?

প্রশ্ন

অসুস্থ ব্যক্তির জন্য রোযা না-রাখা উত্তম? নাকি কষ্ট করে রোযা রাখাটা উত্তম?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

রোগীর জন্য যদি রোযা রাখা কষ্ট হয় তাহলে উত্তম হল রোযা না-রাখা এবং যত দিনগুলোর রোযা রাখেনি সেগুলোর কাযা পালন করা। কষ্ট করে রোযা রাখা মুস্তাহাব নয়। দলিল হচ্ছে—

১। ইমাম আহমাদ (৫৮৩২) ইবনে উমর (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: "নিশ্চয় আল্লাহ তাঁর রুখসতগুলো গ্রহণ করাকে পছন্দ করেন যত্নে তাকে তিনি তাঁর অবাধ্যতায় লিপ্ত হওয়াকে অপছন্দ করেন।"[আলাবানী "ইরওয়াউল গালিলি" গ্রন্থে (৫৬৪) হাদিসটিকে সহিহ বলেছেন]"

২। সহিহ বুখারী (৬৭৮৬) ও সহিহ মুসলিম (২৩২৭)-এ আয়শা (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, তিনি বলেন: "রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দুটো বিষয়ের মাঝে নির্বাচন করার এখতিয়ার দেয়া হলে তিনি সহজতম বিষয়টি গ্রহণ করতেন; যতক্ষণ না সটো পাপ হত। পাপ হলে তিনি হতনে এর থেকে সবচেয়ে দূরত্ব রক্ষাকারী ব্যক্তি।"

ইমাম নববী বলেন: "এ হাদিসে সহজতম বিষয় ও কমেমতম বিষয় গ্রহণ করা মুস্তাহাব হওয়ার পক্ষে দলিল রয়েছে; যতক্ষণ না সটো হারাম হয় কিংবা মাকরুহ হয়।"[সমাপ্ত]

বরং কষ্ট হওয়া সত্ত্বেও রোযা রাখা মাকরুহ। কখনও কখনও হারাম হতে পারে; যদি রোযার কারণে শারীরিক ক্ষতি হওয়ার আশংকা হয়।

কুরতুবী বলেন (২/২৭৬):

"রোগীর অবস্থা দুটো: ১। মটেই রোযা রাখার সক্ষমতা না থাকা; তার জন্য রোযা না-রাখা ওয়াজবি। ২। কিছু শারীরিক ক্ষতি ও কষ্টের সাথে রোযা রাখতে সক্ষম হওয়া। এ ব্যক্তির জন্য রোযা না-রাখা মুস্তাহাব। এমতাবস্থায় কেবল অজ্ঞ লোকই রোযা রাখবে।"[সমাপ্ত]



ইবনে কুদামা (রহঃ) "আল-মুগনী" গ্রন্থে (৪/৪০৪) বলেন:

"যদি রোগী এ রোগ সত্ববেও কষ্ট করে রোযা রাখতে তাহলে সে মাকরুহ কাজে লিপ্ত হল। যহেতে এ রোযা রাখার মধ্যে নজিরে শারীরিক কষ্ট করা নহিতি আছে। রোযা না-রাখাটা আল্লাহর পক্ষ থেকে শিথিলিয়ন ও আল্লাহর দয়্যে অবকাশকে গ্রহণ করা।"[সমাপ্ত]

শাইখ বনি উছাইমীন (রহঃ) "আশ-শারহুল মুমতী" গ্রন্থে (৬/৩৫২) বলেন:

"এর মাধ্যমে আমরা কছি কছি ইজতহাদকারী ও রোগীদের ভুল জানতে পারিযাদের রোযা রাখতে কষ্ট হয়; হয়তোবা শারীরিক কষ্টও হয় কিন্তু তারা রোযা ভাঙতে অস্বীকৃতি জানান। আমরা বলব: উনারা ভুল করছেন; যহেতে তারা আল্লাহর দয়্যে বদান্যতাকে গ্রহণ করেননি এবং তাঁর দয়্যে অবকাশকে গ্রহণ করেননি এবং নজিদেরে কষ্ট করছেন। অথচ আল্লাহ তাআলা বলছেন: "তোমরা নজিদেরকে হত্যা করো না।"[সূরা নসিা, আয়াত: ২৯]

1319 নং প্রশ্নোত্তরটি পড়ুন।

আল্লাহই সর্বজ্ঞ।